

H.A  
নর্থ ম্যানেজার অফিস।  
Adu  
১৪/২/২০

প্রফেসর ড. মোঃ নূর আলম (১৯৬৩)  
অধ্যক্ষ  
শাহজাদপুর শাখার কার্যকরিতা বহলে  
শাহজাদপুর, গাজীপুর।  
ফোন নং: (০-৫)জাতী.বি./পনি দপ্তর/২০২২/৭৫/৭৯২



জাতীয় বিশ্ববিদ্যালয়  
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর  
গাজীপুর

ই-নথী  
মিঃ  
১৬/২/২০২০

তারিখ: ১০/০২/২০২০

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের TMIS ভুক্ত শিক্ষকগণের জন্য জরুরী নির্দেশনা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের TMIS ভুক্ত শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি উত্তরপত্র পরীক্ষণ, প্রধান পরীক্ষকের দায়িত্ব পালনের জন্য মুঠোফোনে ম্যাসেজ পাঠানো সত্ত্বেও অনেক শিক্ষক ম্যাসেজ পড়ছেন না এবং দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করছেন। এর ফলে উত্তরপত্র পরীক্ষণ এবং ফলাফল প্রকাশ কাজ বিলম্বিত হচ্ছে। পরীক্ষক বা প্রধান পরীক্ষক নিয়োগ করার পর দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করলে বা উত্তরপত্র গ্রহণ না করলে সংশ্লিষ্ট শিক্ষককে পরবর্তীতে পরীক্ষক বা প্রধান পরীক্ষক হিসেবে দায়িত্ব দেয়া হবে না। একইসাথে পরীক্ষক বা প্রধান পরীক্ষক হওয়ার জন্য কোন আবেদন বা মুঠোফোনে অনুরোধ না করার জন্য শিক্ষকগণকে বিনীতভাবে অনুরোধ করা হলো। যেকোনো ধরনের অনুরোধ বা সুপারিশ পরীক্ষক বা প্রধান পরীক্ষক হওয়ার ক্ষেত্রে অযোগ্যতা বলে বিবেচিত হবে। উল্লেখ্য যে, সফটওয়্যারের মাধ্যমে যোগ্যতা এবং প্রয়োজনীয়তা অনুযায়ী সকল শিক্ষককে পর্যায়ক্রমে পরীক্ষক এবং প্রধান পরীক্ষক নিয়োগ করা হবে।

বার বার অনুরোধ করা সত্ত্বেও অনেক শিক্ষক TMIS ডাটার সোনালী ব্যাংক হিসাব নম্বর আপডেট বা সংশোধন করছেন না। ১৩ ডিজিটের অনলাইন ব্যাংক হিসাব নম্বর এবং শাখা কোড আপডেট না থাকলে শিক্ষকগণের কোন ধরনের বিল বা সম্মানী পরিশোধ করা যাবে না। যেসকল শিক্ষক অদ্যাবধি ১৩ ডিজিটের ব্যাংক হিসাব নম্বর আপডেট বা সংযোজন করেননি তাঁদেরকে [tmishelpline@gmail.com](mailto:tmishelpline@gmail.com) এ অধ্যক্ষের মাধ্যমে আবেদন করে ব্যাংক হিসাব তথ্য আপডেট করার জন্য অনুরোধ করা হ'ল। উক্ত আবেদনের সাথে চেক বইয়ের কাভার পেইজের ফটোকপি অবশ্যই সংযোজন করতে হবে। উল্লিখিত ই-মেইল ব্যতীত হাতে হাতে বা ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না।

কলেজ কর্তৃক মৌখিক/ব্যবহারিক পরীক্ষার অভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগের ক্ষেত্রে অবশ্যই অনুমোদনকৃত TMIS ধারী শিক্ষক নিয়োগ করতে হবে। অননুমোদিত/ইন-এ্যাক্টিভ/অভিযোগের কারণে বন্ধ রয়েছে এমন TMIS ধারী কোন শিক্ষককে অভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ করা হলে উক্ত শিক্ষকের বিল পরিশোধ করা হবেনা। কলেজ কর্তৃক মৌখিক/ব্যবহারিক পরীক্ষার অভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগের ক্ষেত্রে অধ্যক্ষ মহোদয়গণ নিজ নিজ TMIS Login করে স্ব-স্ব কলেজের শিক্ষকদের TMIS তালিকা অনলাইনে যাচাই করবেন এবং অননুমোদিত TMIS ধারীদের মধ্য হতে মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য অভ্যন্তরীণ পরীক্ষক নিয়োগ দানের ব্যবস্থা করবেন। TMIS আছে অথচ Unauthorized এমন শিক্ষকগণের তথ্য যাচাই করে অবশ্যই সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয় Authorized করবেন। এছাড়া সংশ্লিষ্ট কলেজের শিক্ষক নয় বা নিয়মিত শিক্ষক নন এমন শিক্ষকদের TMIS বাতিল করার জন্য উল্লিখিত ইমেইল এর মাধ্যমে অনুরোধপত্র পাঠাতে হবে। এক্ষেত্রে মনে রাখতে হবে যে, শিক্ষক নন এমন কোন ব্যক্তি কোন কলেজের TMIS ব্যবহার করলে তার সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ঐ কলেজের অধ্যক্ষের উপর বর্তাবে।

উত্তরপত্র মূল্যায়নসহ পরীক্ষা সংক্রান্ত সকল কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং দায়িত্ববোধ নিয়ে কাজ করার জন্য সকল শিক্ষকগণকে বিনীতভাবে অনুরোধ করা হলো। আপনাদের সহযোগিতা একান্তভাবে কামনা করি।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,



পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইলঃ [controller@nu.ac.bd](mailto:controller@nu.ac.bd)